



মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ্রের সংবর্ধনা অনুষ্ঠানে ডুমুরিয়া উপজেলার প্রাথমিক শিক্ষকদের হাজিরা নিশ্চিত করেন আয়োজকরা।
ছবি: কালের কর্ণ

২০৯ স্কুল বন্ধ রেখে প্রতিমন্ত্রীর সংবর্ধনা

নিজস্ব প্রতিবেদক, খুলনা ▶
খুলনার ডুমুরিয়া উপজেলার ২০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ রেখে শিক্ষকরা মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ্রকে সংবর্ধনা দিয়েছেন। গতকাল শনিবার সকাল সাড়ে ১১টায় প্রাথমিক শিক্ষক সমিতি ডুমুরিয়া শাখা এ সংবর্ধনার আয়োজন করে। সেখানে প্রতিমন্ত্রীকে উপহার দেওয়া হয় সাড়ে ছয় ডরি ওজনের রুপার তৈরি নৌকা।



নারায়ণ চন্দ্র চন্দ্রের হাতে ছয় ডরি ওজনের রুপার নৌকা তুলে দেওয়া হয়

সুমণ্ড কুমার পোদ্দার সভাপতিত্ব করেন। অতিথি ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সমাদ্দার ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাকবুল্লাহা। মাঝে আরো ছিলেন সহকারী কমিশনার (ভূমি) মো. সেলিম রেজা ও ডুমুরিয়া থানার ওসি মো. মশিউর রহমান। জানা যায়, প্রতিমন্ত্রীর সংবর্ধনায় শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করতে উপজেলার সব প্রাথমিক বিদ্যালয় ছুটি ঘোষণা করা হয়। খন্দশী গ্রামের জামাল উদ্দিন বলেন, 'প্রতিমন্ত্রীকে সংবর্ধনা' ▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত এ সংবর্ধনা অনুষ্ঠানে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

বিদ্যালয় ছুটি ঘোষণা করা হয়। খন্দশী গ্রামের জামাল উদ্দিন বলেন, 'প্রতিমন্ত্রীকে সংবর্ধনা' ▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

২০৯ স্কুল বন্ধ রেখে

▶▶ প্রথম পৃষ্ঠার পর

দেওয়ার জন্য ছুলে ছুটি দেওয়া হয়েছে বলে আমার ছেলে জানিয়েছে।
ডুমুরিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুমণ্ড কুমার পোদ্দার বলেন, 'শিক্ষক নেতারা এ অনুষ্ঠানের আয়োজক। যেহেতু শিক্ষকদের মাঝে কয়েকটি পক্ষ রয়েছে সে কারণে আমরা এ অনুষ্ঠানে সভাপতিত্ব করতে হচ্ছে এবং আমার নামেই আমন্ত্রণপত্র বিলি করা হয়েছে।
অনুষ্ঠানস্থলে শিক্ষকদের হাজিরা নেওয়া প্রসঙ্গে শিক্ষা কর্মকর্তা বলেন, 'উপস্থিতি নিশ্চিত করতে হাজিরা নেওয়া হয়েছে। রুপার নৌকা উপহার দেওয়ার বিষয়ে তিনি বলেন, 'শিক্ষকরা নিজেরা অর্থ দিয়ে সাড়ে ছয় ডরি ওজনের রুপা দিয়ে এটি তৈরি করিয়েছেন।
ডুমুরিয়া উপজেলা সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির একাংশের নেতা রবিউল ইসলাম লাবু বলেন, 'সবার সম্মিলিত নিছাওঁর পরিশ্রমিক্তে ছুস ছুটি ঘোষণা করা হয়েছে। তিনি বলেন, 'শিক্ষকদের হাতে সংরক্ষিত কিছু ছুটি

থাকে। সেই সংরক্ষিত ছুটির অংশ হিসেবে ছুস বন্ধ রাখা হয়।
বিদ্যালয় বন্ধ রেখে প্রতিমন্ত্রীকে সংবর্ধনা দেওয়ার সিদ্ধান্ত জানিয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভাপতি ডুমুরিয়া উপজেলা চেয়ারম্যান খান আলী মুনসুর বলেন, 'এটি ছুটির দিনে বা বিকালে হতে পারত। একে তো বিভিন্ন কারণে বন্ধের ছয় মাসের বেশি সময় স্কুল বন্ধ থাকে, সেখানে সংবর্ধনা অনুষ্ঠানের নামে স্কুল বন্ধ রেখে কোমলমতি শিক্ষার্থীদের পড়াশেখার ক্ষতি করার প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে নোচড়া করা হবে।
ডুমুরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাকবুল্লাহা বলেন, 'বিদ্যালয় ছুটি দিয়ে এ ধরনের আয়োজন করা ঠিক হয়নি। বিষয়টি প্রাথমিক শিক্ষা কর্মকর্তার নিজস্ব সিদ্ধান্ত। তিনি বলেন, 'অনুষ্ঠানে আমি ছিলাম একজন অতিথি মাত্র। তবে প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে এ বিষয়ে জিজ্ঞেস করা হবে। এ বিষয়ে প্রতিমন্ত্রীর সঙ্গে ফোনে যোগাযোগের চেষ্টা করেও তাঁর বক্তব্য পাওয়া যায়নি।